সংবাদ

তারিখ : 12 SEP 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৪

খুলনা বিশ্ববিদ্যালয়

# প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়া শুরু

প্রতিনিধি, খুলনা

**আবেদন গ্রহণ**
**১৩ সেপ্টেম্বর থেকে ৩০ অক্টোবর**

**ভর্তি পরীক্ষা**
**১১ ও ১২ ডিসেম্বর**

খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। আগামীকাল ১৩ সেপ্টেম্বর থেকে একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে এসএমএস করে আবেদন করা যাবে এবং তা চলবে ৩০ অক্টোবর পর্যন্ত।

আগামী ১১ এবং ১২ ডিসেম্বর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১১ ডিসেম্বর শুক্রবার সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের, দুপুর আড়াইটা থেকে বিকেল ৪ টা পর্যন্ত জীব বিজ্ঞান স্কুলের এবং বিকেল ৫ টা থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত চারুকলা ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১২ ডিসেম্বর শনিবার সকাল ৯ টা থেকে ১১ টা পর্যন্ত কলা ও মানবিক স্কুলের, বেলা সাড়ে ১২টা থেকে দুপুর ২টা পর্যন্ত সামাজিক বিজ্ঞান স্কুলের এবং বিকেল ৩-৩০ টা থেকে ৫ টা পর্যন্ত ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার বিশ্ববিদ্যালয়ের ৫ টি স্কুলের (অনুষদ) এবং ১টি ইনস্টিটিউটের অধীন ২৬টি ডিসিপ্লিনে (বিভাগ) মুক্তিযোদ্ধা সন্তান ও উপজাতি কোটা ছাড়াও বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে (বিকেএসপি) উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য প্রত্যেক স্কুল ও ইনস্টিটিউটের জন্য ১টি করে মোট ৬ (ছয়)টি সংরক্ষিত অতিরিক্ত আসনসহ সর্বমোট ১১১৮টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। গত শিক্ষা বছরের চেয়ে এবার আসন সংখ্যা ৯১টি বেশি। এবার ২ (দুই)টি নতুন ডিসিপ্লিন (বিভাগ) খোলা হচ্ছে। এ দুটি ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ২

## ভর্তি : প্রক্রিয়া শুরু

(১৬ পৃষ্ঠার পর)

নতুন ডিসিপ্লিন হচ্ছে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা। প্রত্যেক স্কুল (অনুষদ) ও ইনস্টিটিউটে পৃথকভাবে মোট আবেদনকারীর সর্বোচ্চ ছয় হাজার জনকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (াাা.শু.ধপ.নফ) পাওয়া যাবে। এছাড়া সংশ্লিষ্ট স্কুলের ডিন অফিস ও ইনস্টিটিউটের পরিচালকের অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় (পিএবিএক্স-৭২০১৭১-৩/৫১৬১) যোগাযোগ করে জানা যাবে।

## আজ খুবিতে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিলের খসড়ার ওপর পরামর্শ সভা

আজ সকাল সাড়ে ৯টায় খুলনা বিশ্ববিদ্যালয়ের এক নম্বর একাডেমিক ভবনের ইউআরপি ডিসিপ্লিনের লেকচার থিয়েটারে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০) দলিলের খসড়ার ওপর একটি অংশগ্রহণমূলক আঞ্চলিক পরামর্শ সভা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ এমপি এবং বিশেষ অতিথি হিসেবে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র সদস্য মুহাম্মদ মিজানুর রহমান এমপি ও পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম উপস্থিত থাকবেন। সভায় সভাপতিত্ব করবেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান।

### খুবির পরিবেশ বিজ্ঞান ডিসিপ্লিনের উদ্যোগে প্রতীক প্রকল্পের এমওইউ স্বাক্ষর অনুষ্ঠান আজ

খুলনা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ডিসিপ্লিনের উদ্যোগে পার্টনারশিপ রিসার্চ এন্ড ওনারশীপ উইথ টেকনোলজি ইনফরমেশন এন্ড চেঞ্জ-প্রতীক (চজঙঞঊঈ) বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর (এমওইউ) এবং উদ্বোধনী অনুষ্ঠান আগামীকাল বিকেল ৪ টায় রূপসাহ্ আভা সেন্টারে অনুষ্ঠিত হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিন আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন মৎস্য ও প্রাণি সম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ এমপি। বিশেষ অতিথি থাকবেন কেসিসির মেয়র মো. মনিরুজ্জামান, বিভাগীয় কমিশনার মো. আব্দুস সামাদ, খুবির ট্রেজারার খান আতিয়ার রহমান ও অক্সফামের আরবান ম্যানেজার আফরোজ মহাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান। মডারেটর থাকবেন খুবির এনভায়রণ মেন্টাল সায়েন্স ডিসিপ্লিনের দিলীপ কুমার দত্ত।